# <u>আন্তর্জাতিক সুরক্ষা আইন 2015</u>

[2015 সালের, আন্তর্জাতিক সুরক্ষা আইনেরধারা 70 (10) (a) - এর অধীনে প্রকাশিতব্য বিবৃতি]

## <u>তথ্য কণিকা - অন্তর্বর্তীকালীন প্রক্রিয়াসমূহ</u>

### <u>আন্তর্জাতিক সুরক্ষা প্রদান (আশ্রয়প্রার্থীগণের সঠিক অবস্থান এবং সহায়ক ত্রাণ ও সুরক্ষা বিষয়ক) এবং অবস্থান করার অনুমতি প্রাপ্তির জন্য পেশ-কৃত আবেদন-পত্রসমূহের তদন্ত ও সিদ্ধান্ত গ্রহণের কারণে একটি একক আবেদনপত্রের ভূমিকা</u>

**এই বিবৃতি শুধু-মাত্র তথ্য ও পথ-নির্দেশনা প্রদান সম্পর্কিত। এটি কোনো আইনি পরামর্শ নয় এবং আন্তর্জাতিক সুরক্ষা আইন, 2015 সম্পর্কিত কোনো সারমর্মের আইনি ব্যাখ্যার প্রতিনিধিত্ব করেনা। এই কণিকাটি শুধুমাত্র আন্তর্জাতিক সুরক্ষা আইন, 2015 এর অন্তর্বর্তীকালীন বিধান কর্তৃক প্রভাবিত মূলধারার মামলা সংক্রান্ত সমস্যাসমূহ নির্দেশ করে।**

**অন্তর্বর্তীকালীন বিধানসমূহ প্রযোজ্য হতে পারে এমন সম্ভাব্য সকল ক্ষেত্র এটির দ্বারা কোনোমতেই প্রদর্শিত হয় না। যদি আপনার মামলা সংক্রান্ত কোনো সমস্যার ক্ষেত্রে প্রযোজ্য 2015 সালের আইনটি ও এই সম্পর্কিত বিধান সম্পর্কে অধিকতর বিশদ তথ্যের দরকার হয় তাহলে আপনার পক্ষে উপযুক্ত আইনি পরামর্শ প্রার্থনা করাই উচিত হবে।**

<u>**এই তথ্য কণিকা পড়ার সময় আপনার উচিত এতদসংযুক্ত আন্তর্জাতিক সুরক্ষা** প্রদান প্রাপ্তির কারণে **আবেদনকারীদের জন্য** উপলভ্য একটি পৃথক **তথ্য পুস্তিকা (IPO 1) এবং আন্তর্জাতিক সুরক্ষা আবেদনের প্রশ্নপত্র (IPO 2)** একত্রে **অধ্যয়ন করা।**</u>

## 1. সূচনা

1.1 **31শে ডিসেম্বর 2016** ন্যায়বিচার ও সমতা বিষয়ক মন্ত্রী (“মন্ত্রীমহোদয়”) কর্তৃক আন্তর্জাতিক সুরক্ষা আইন 2015 (2015 সালের আইনটি) ঘোষিত হয়েছিল। এই তথ্য সম্বলিত কণিকায় এটি "প্রবর্তনের তারিখ" হিসেবে উদ্ধৃত হয়েছে।

1.2 এই তথ্য-কণিকা আপনাকে 2015 সালের, আন্তর্জাতিক সুরক্ষা আইনের অধীনে আন্তর্জাতিক সুরক্ষা প্রদানের জন্য (আশ্রয়প্রার্থীগণের সঠিক অবস্থান এবং সহায়ক ত্রাণ ও সুরক্ষা বিষয়ক) প্রবর্তনের তারিখের আগে সম্পাদিত রাষ্ট্রে (আয়্যারল্যান্ড) অন্তর্বর্তীকালীন চুক্তির তদন্ত ও সিদ্ধান্ত বিষয়ক (প্রক্রিয়াকরণের বিভিন্ন পর্যায়ে) বিস্তারিত তথ্য প্রদান করে। এছাড়াও এটি রাষ্ট্রে অবস্থানের অনুমতি বিষয়ক নির্ধারিত তথ্য প্রদান করে।

1.3 স্থানান্তরিত হওয়ার আবেদন প্রক্রিয়া সম্পর্কিত ব্যবস্থা-প্রক্রিয়া বুঝতে আপনাকে সহায়তা করার উদ্দেশ্যেই এটি করা হচ্ছে

- শরণার্থীর অ্যাপ্লিকেশন কমিশনারের কার্যালয় (ORAC) থেকে কিছু আশ্রয়প্রার্থীর অবস্থান এবং সহায়ক ত্রাণ ও সুরক্ষার আবেদনপত্র এবং
- শরণার্থীদের আপীলের বিচারসভা (RAT) থেকে কিছু আশ্রয়প্রার্থীর আবেদনের পুনর্বিবেচনার আবেদনপত্র

যা 31শে ডিসেম্বর 2016 এর পূর্বে 2015 আইনের অধীনে আইরিশ জাতীয়তা ও অভিবাসন সেবা কার্যালয়ের আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরের প্রক্রিয়া সম্পন্ন করার জন্য তৈরি করা হয়েছিল।

1.4 একজন ব্যক্তি আশ্রয়প্রার্থী বা সহায়ক সুরক্ষার জন্য মনোনীত হবেন কিনা এবং আন্তর্জাতিক সুরক্ষা কার্যালয়(IPO) বরাবর আবেদন প্রক্রিয়াগত ক্ষেত্রসমূহ সম্পর্কিত বিস্তারিত তথ্য এতদসংযুক্ত আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনকারীদের জন্য তথ্য পুস্তিকায় (IPO 1) এ দেওয়া আছে। এই পুস্তিকায় আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনকারী হিসেবে আপনার অধিকার এবং বাধ্যবাধকতাসমূহ এবং আবেদন প্রক্রিয়াকরণ বিষয়ে যোগাযোগের ব্যক্তি সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে। এই পুস্তিকায় আন্তর্জাতিক সুরক্ষার বাইরে অন্যান্য ক্ষেত্রে মন্ত্রীর অনুমোদন প্রাপ্তির জন্য আবেদন প্রক্রিয়া সম্পর্কে নির্দেশনা দেওয়া আছে।

1.5 এছাড়াও আমরা আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনের প্রশ্নপত্র (IPO 2) এর সাথে সংযুক্ত করেছি।

1.6 এটি খুবই গুরুত্বপূর্ণ এবং আপনার নিজের স্বার্থে এই তথ্য কণিকা এবং সংযুক্ত তথ্য পুস্তিকা ও প্রশ্নপত্র ভালোভাবে পড়বেন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে আইনি পরামর্শ চাইবেন যাতে আপনি আপনার আবেদনের প্রতি সমর্থন ও সহায়তা করতে পারেন এবং নিশ্চিত করুন যে **2015 সালের আইনের অন্তর্বর্তীকালীন প্রক্রিয়া কীভাবে আপনার জন্য প্রযোজ্য হবে সেটি আপনি উপলব্ধি করতে পেরেছেন।**

2. **আন্তর্জাতিক সুরক্ষা আইন, 2015 এর উদ্দেশ্য**

2.1 2015 সালের আইন আন্তর্জাতিক সুরক্ষা আবেদন (আশ্রয়প্রার্থী এবং ত্রাণ ও সহায়ক সুরক্ষা) এবং রাষ্ট্রে অবস্থান সম্পর্কিত একক আবেদনের নিরীক্ষা ও সিদ্ধান্ত গ্রহণের একক ধারাবাহিক প্রক্রিয়ার সকল ক্ষেত্র সম্পর্কিত ভূমিকা প্রদান করে।

2.2 2015 সালের আইনের আওতায় প্রবর্তনের তারিখের পূর্বে নির্ধারিত আশ্রয়-প্রার্থনা বা সহায়ক ত্রাণ ও সুরক্ষার জন্য আবেদনের কোনো কোনো ক্ষেত্রে অন্তর্বর্তীকালীন প্রক্রিয়া অন্তর্ভুক্ত **(অধ্যায় 4 দেখুন)।**

3. **2015 সালের আইনের অধীনে আবেদন এবং পুনর্বিবেচনার আবেদন কে নির্ধারণ করবেন?**

3.1 **2015 সালের আইনের**অধীনে ORAC বিলুপ্ত করা হয়েছে। তথ্য-কণিকার অন্তর্ভুক্ত আন্তর্জাতিক সুরক্ষা এবং সংযুক্ত অবস্থানের অনুমতি প্রদান বিষয়ক তদন্ত ও সিদ্ধান্ত গ্রহণের সকল দায়-দায়িত্ব 2015 সালের আইনের অধীনে আইরিশ ন্যাচারালাইসেশন এবং ইমিগ্রেশন পরিসেবা (INIS) এর আন্তর্জাতিক সুরক্ষা কার্যালয় (IPO) এর উপর ন্যস্ত করা হয়েছে।

3.2 এছাড়াও 2015 সালের আইনের অধীনে RAT কে বিলুপ্ত করা হয়েছে। 2015 সালের আইনের অধীনে আন্তর্জাতিক সুরক্ষা প্রদানের জন্য আবেদনের পুনর্বিবেচনার প্রবিধানসমূহ প্রবর্তনের দিন থেকে আন্তর্জাতিক সুরক্ষা সংক্রান্ত আপীলের বিচারালয়(IPAT) এর উপর ন্যস্ত হয়েছে।

4. **আশ্রয়প্রার্থী এবং সহায়ক** ত্রাণ ও **সুরক্ষার জন্য <u>বর্তমানে পেশ-কৃত</u> আবেদন-পত্রসমূহ সম্পর্কীত অন্তর্বর্তীকালীন প্রক্রিয়াসমূহ ঘোষণার তারিখের আগে চূড়ান্তভাবে নির্ধারিত হবে না।**

4.1 যদি না আবেদনটি কোনো নির্ধারিত সমস্যার ক্ষেত্রে EU ডাবলিন রেগুলেশন এর অধীনে বিকল্প প্রক্রিয়ায় পরিচালিত না হয় তাহলে নির্দিষ্ট কিছু বিকল্প ব্যবস্থা প্রযোজ্য হবে (আন্তর্জাতিক সুরক্ষার আবেদনকারীদের জন্য

তথ্য-পুস্তিকার ধারা 10 দেখুন), এই অন্তর্বর্তীকালীন চুক্তিটি প্রযোজ্য হবে শরণার্থীর অবস্থান এবং সম্পূরক সুরক্ষা প্রবর্তন তারিখের পূর্ব পর্যন্ত এবং যা ঐ তারিখে চূড়ান্ত করা হয়নি।

**1**নং বিভাগ **- ORAC এ শরণার্থী আবেদন**

আপনি যদি প্রবর্তনের আগে শরণার্থী অবস্থান প্রাপ্তির জন্য কোনো আবেদন করেন এবং তার প্রতিবেদন যদি ORAC কর্তৃক 1996 সালের শরণার্থী আইনের ধারা 13 এর অধীনে প্রস্তুত না হয় (অন্য কথায়, সুপারিশকৃত না হয়), তাহলে আপনার আবেদন 2015 সালের আইনেরঅধীনে (আশ্রয়প্রার্থী  এবং সহায়ক ত্রাণ ও সুরক্ষা উভয়ই) আন্তর্জাতিক সুরক্ষার আবেদন হিসেবেই বিবেচিত হবে। আপনি আশ্রয়প্রার্থী অবস্থান বা সহায়ক ত্রাণ ও সুরক্ষার জন্য মনোনীত হবেন কিনা সেটা বিবেচনার জন্য আপনার ফাইল আন্তর্জাতিক সুরক্ষা কার্যালয়ে স্থানান্তরিত হয়েছে।

আপনি যদি শরণার্থীর অবস্থান বা সহায়ক ত্রাণ ও সুরক্ষার জন্য মনোনীত না হন তাহলে  তাৎক্ষণিকভাবে আপনি অন্য কোনো কারণে রাষ্ট্রে অবস্থানের অনুমতি পাবেন কিনা সেটা মন্ত্রীমহোদয়ই অবিলম্বে বিবেচনা করবেন। আপনার ইতোমধ্যে প্রদত্ত কাগজপত্রের উপর নির্ভর করেই এই সিদ্ধান্ত প্রদান করা হবে এবং আপনাকে আর অবস্থান করার অনুমতি চেয়ে নতুন আবেদন করতেহবে না।

**2** নং বিভাগ **- আশ্রয়প্রার্থী হিসাবে আবেদন পেশ**

যদি প্রবর্তনের আগেই RAT এ আপনার শরণার্থী অবস্থান প্রাপ্তির জন্য বিবেচনার আবেদন করা হয়ে থাকে এবং RAT কর্তৃক ওই তারিখ অবধি সেটি বিবেচিত না হয়ে থাকে তাহলে আপনি 2015 সালের আইনের অধীনে আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য বৈধ আবেদনকারী হিসেবে বিবেচিত হবেন। আপনার ফাইল শুধুমাত্র সহায়ক ত্রাণ-ও সুরক্ষা প্রাপ্তির জন্য বিবেচনার্থে IPO তে স্থানান্তরিত করা হয়েছে। এই ধরনের সমস্যার ক্ষেত্রে, আপনার আশ্রয়প্রার্থী অবস্থানের কারণে কৃত আবেদনের প্রতি ORAC কর্তৃক সুপারিশটির সংরক্ষণ এবং যথাস্থানে উপস্থাপন করা হবে। যদি IPO এই মর্মে সুপারিশ করে যে আপনি সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তির জন্য মনোনীত হবেন না তাহলে মন্ত্রী তাৎক্ষণিকভাবে আপনি অন্য কোনো কারণে রাষ্ট্রে অবস্থান করতে পারবেন কিনা সেটি অবিলম্বে বিবেচনা করবেন। RAT এ আপনার পূর্বের আবেদন সংরক্ষণ করা হবে এবং নতুন IPAT তে সেটিই স্থানান্তরিত করা হবে। যদি আপনার সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তির আবেদনটি মঞ্জুর না হয় তাহলে আপনি IPO এর সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তির জন্য IPAT এ আবেদন করতে পারবেন এবং সে ক্ষেত্রে আপনার এই দুটি

আবেদনই একটি আবেদন হিসেবে বিবেচিত হবে এবং এবং একই সঙ্গে তা শোনাহবে। আপনি যদি IPO কর্তৃক এই রাষ্ট্রে অবস্থানের অনুমতি পেতে ব্যর্থ হন তাহলে আপনার এখন থেকে মনে রাখা উচিত যে 2015 সালের আইনের অধীনে আপনি IPAT এ এই রাষ্ট্রে অবস্থান করার অনুমতি পুনর্বিবেচনার আবেদন নাও করতে পারেন।

**3 নং বিভাগ - সহায়ক ত্রাণ ও সুরক্ষা**

আপনি যদি প্রবর্তনের আগেই সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তির আবেদন করে থাকেন এবং ORAC এই বিষয়ে তখনও তদন্ত শুরু না করে থাকে তাহলে আপনার আবেদন 2015 সালের আইনের অধীনে আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদন হিসেবে বিবেচিত হবে। আপনার ফাইল IPO তে শুধুমাত্র যে কোনো সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তি সম্পর্কিত বিষায়াবলীর সুপারিশের জন্য স্থানান্তরিত করা হয়েছে। এই ধরনের সমস্যার ক্ষেত্রে ORAC কর্তৃক প্রস্তুতকৃত আপনার আশ্রয়প্রার্থী অবস্থান প্রাপ্তির আবেদনটিই (বা আপিলের উপর RAT এর সিদ্ধান্ত) সংরক্ষণ করা হবে এবং যথাস্থানে থাকবে।

**অন্যান্য তথ্যাবলী**

(i) আপনি যদি প্রবর্তনের তারিখের আগেই সহায়ক ত্রাণ ও সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদন করে থাকেন এবং ORAC সেই তারিখ অবধি তখনও তদন্ত শুরু না করে থাকে তাহলে IPO কর্তৃক ORAC এর কার্যক্রমে সম্পুর্ণভাবে হস্তক্ষেপ ব্যতীত আপনার আবেদন 2015 সালের আইনের দ্বারা প্রভাবিত হবে না। আগে থেকে বিদ্যমান আইন বলবৎ থাকবে এবং IPO আপনার আবেদন পুরনো প্রক্রিয়া অনুযায়ীই পরীক্ষা করবে।

(ii) আপনি যদি প্রবর্তনের তারিখের আগেই সহায়ক ত্রাণ ও সুরক্ষার জন্য একটি আবেদন করে থাকেন এবং তা RAT এর কাছে থাকে তাহলে আপনার আবেদন IPAT এ স্থানান্তরিত করা হবে এবং সেটির বিবেচনা ও নির্ধারণ আগে থেকে বিদ্যমান আইনের অধীনেই সম্পাদিত হবে।

## 5. রাষ্ট্রে অবস্থানগত অনুমোদন প্রাপ্তি

5.1 আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির আবেদন 2015 সালের আইনের অধীনে IPO নামঞ্জুর করতে সুপারিশ করবে কিনা (আশ্রয়প্রার্থী অবস্থান প্রাপ্তি বা সহায়ক ত্রাণ ও সুরক্ষা বা শুধুমাত্র সহায়ক ত্রাণ

ও সুরক্ষার প্রেক্ষিতে কি না), তাহলে আপনি অন্য কোনো কারণে রাষ্ট্রে অবস্থান করতে পারবেন কিনা সেই সিদ্ধান্ত নেওয়া হবে।

5.2 এটা জেনে রাখা গুরুত্বপূর্ণ যে আজ অবধি 2015 সালের আইনের প্রয়োগের ক্ষেত্রগুলিতে প্রক্রিয়াগত পরিবর্তন সাধিত হয়েছে এবং সে হেতু মন্ত্রী আপনাকে আপনি কেন রাষ্ট্রে অবস্থানের জন্য অনুমোদিত হবেন সে বিষয়ে কারণ দর্শাবার জন্য আমন্ত্রণ জানাবেন না। পরিবর্তে, আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আপনার আবেদন না মঞ্জুর হবে কিনা সেই সিদ্ধান্ত IPO কর্তৃক গ্রহণ করা হবে। আপনার সমস্যার সমাধানের ক্ষেত্রে ইতোমধ্যে প্রদত্ত তথ্য ও কাগজপত্র বিশ্লেষণ করেই সিদ্ধান্ত নেওয়া হবে।

5.3 সুতরাং, 2015 সালের আইনের অধীনে আপনার আবেদন যদি আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য IPO তে স্থানান্তরিত হয়ে থাকে তাহলে আপনি আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রশ্নপত্রের (IPO 2) নির্ধারিত অংশে আপনাকে কেন রাষ্ট্রে অবস্থানের জন্য অনুমতি দেওয়া হবে সেটি লিখিত আকারে জানাবেন। উদাহরণস্বরূপ, আপনার পরিবার ও এবং পারিবারিক পরিস্থিতি,রাষ্ট্রের সাথে আপনার সম্পর্ক, আপনার চরিত্র এবং রাষ্ট্রে ও রাষ্ট্রের বাইরে মানবতাবাদী কাজ এবং এ সম্পর্কিত সকল বিষয়াবলীই সম্ভাব্য প্রাসঙ্গিক বিষয় হিসাবে বিবেচিত হয়। এ সম্পর্কিত সকল বিষয়াবলীর বিস্তারিত ব্যাখ্যা পেতে আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির কারণে আবেদনকারীদের জন্য তথ্য-পুস্তিকা (IPO 1) এর আবেদনকারীদের জন্য তথ্য-পুস্তিকা দেখুন।

5.4 <u>আপনার আবেদনের সাথে সম্পর্কিত আপনার পরিস্থিতিগত যেকোনো পরিবর্তন সম্পর্কে IPO (মন্ত্রীর পক্ষে) কে অবহিত করুন (উদাহরণস্বরূপ- আপনার পরিবার ও পারিবারিক বা আপনার নিজ-রাষ্ট্রের পরিস্থিতিগত অবস্থান)।</u>

**6. আমি যদি অন্তর্বর্তীকালীন** ব্যবস্থা-**প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হই তাহলে আমাকে কি আর আরেকবার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির** জন্য **আবেদন করতে হবে?**

6.1 আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির আবেদন উপরোক্ত <u>ধারা 4</u> এ যে কোনো একটি বিষয়ের অন্তর্ভুক্ত হলে তবে আপনাকে মন্ত্রীমহোদয়ের কাছে আর নতুন করে আবেদন করার প্রয়োজন **নেই** কিন্তু আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য নির্ধারিত প্রশ্নপত্র

(IPO 2) সঠিকভাবে সম্পাদনের জন্য নিম্নোক্ত ধারা 7 এর নির্দেশনাবলী অনুসরণ করতে হবে।

## 7. আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য আবেদনের প্রশ্নপত্র সম্পাদন

**7.**1 যদি আপনার আবেদন উপরোক্ত ধারা 4 এ নির্দেশিত 1, 2, বা 3 নং বিভাগের অধীনে আন্তর্জাতিক সুরক্ষার জন্য বিবেচিত হয়, তাহলে আপনি আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য নির্ধারিত প্রশ্নপত্র নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী সম্পাদন করবেন:

**1** নং বিভাগের **সমস্যার ক্ষেত্রে (আশ্রয়প্রার্থী অবস্থান, সহায়ক** ত্রাণ ও **সুরক্ষা এবং** রাষ্ট্রে **অবস্থানের অনুমতি প্রাপ্তি সংক্রান্ত)** প্রশ্নপত্র অনুগ্রহ করে **সম্পূর্ণরূপে** সম্পাদন করুন।

**2** নং বিভাগের **সমস্যার ক্ষেত্রে (সহায়ক** ত্রাণ ও **সুরক্ষা এবং** রাষ্ট্রে **অবস্থানের অনুমতি প্রাপ্তি সংক্রান্ত)** প্রশ্নপত্র অনুগ্রহ করে সম্পাদন করুন তবে আশ্রয়প্রার্থীর অবস্থান সম্পর্কিত অংশটি পূরণ করবেন না **(প্রশ্ন** নং **63 a এবং 63b)।**

**3** নং বিভাগের **সমস্যার ক্ষেত্রে (সহায়ক** ত্রাণ ও **সুরক্ষা এবং** রাষ্ট্রে **অবস্থানের অনুমতি প্রাপ্তি সংক্রান্ত)** প্রশ্ন-পত্র সম্পাদন করুন তবে আশ্রয়প্রার্থীর অবস্থান সম্পর্কিত অংশ পূরণ করবেন না **(প্রশ্ন** নং **63 a এবং 63b)।**

7.2 আপনি আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য কৃত আবেদনের সঙ্গে সম্পর্কিত এবং আপনার এই আবেদন সমর্থন করে এমন যে কোনো অতিরিক্ত তথ্য **লিখিত আকারেও** জমা দিতে পারেন। আপনার ইতোমধ্যে জমা দেওয়া কোনো কাগজপত্র নতুন করে জমা দেওয়ার দরকার নেই কারণ তা আপনার ফাইলেই থাকবে।

7.3 আপনি আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির জন্য কৃত আবেদনের প্রশ্নপত্রের (IPO 2) সঙ্গে আপনি আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির আবেদনের সমর্থনের জন্য নির্ভর করতে পারেন এমন সকল অতিরিক্ত তথ্য ও নথিপত্র জমা দেবেন, আপনার কাছে অন্তর্ভুক্তির এই পত্রটি পৌঁছানোর পরের ঠিক **20**

টি **কর্মদিবসের মধ্যে** সম্ভব হলে আপনার আবেদন সমস্ত উপযুক্ত তথ্য সহ এই পত্রটির সঙ্গেই সংযুক্ত ফ্রি-পোস্ট করা খামে নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করবেন

**Transitional Cases Section,**
**International Protection Office,**
**Irish Naturalisation and Immigration Service,**
**79 - 83 Lower Mount Street,**
**Dublin 2,**
**D02 ND99**

**7.4** উপরোক্ত **<u>ধারা 7.3</u> নং অনুচ্ছেদে এ IPO তে যদি আপনার এবং/অথবা আপনার আইনি প্রতিনিধির সম্পর্কে আরও কোনো তথ্য প্রদান করার দরকার হয় তাহলে আপনি সেটি যত দ্রুত সম্ভব এবং আপনার নির্ধারিত সাক্ষাৎকারের <u>কমপক্ষে দুই সপ্তাহ</u> পূর্বে জমা দিন। এই সময়সীমার মধ্যে প্রয়োজনে আপনার তথ্যের অনুবাদও সম্পন্ন হবে এবং আপনার সাক্ষাৎকারের তারিখের দিনে আবেদনের ব্যাপারে IPO র সাক্ষাৎকার গ্রহণকারীর নিকট** যে এই প্রক্রিয়াকরণের জন্য **আপনার** এই সংক্রান্ত **পর্যাপ্ত কাগজপত্র রয়েছে, তাও নিশ্চিত করবে।**

**8.** আন্তর্জাতিক সুরক্ষা **2015 সালের আইনের অধীনে আমার সাক্ষাৎকার কখন নেওয়া হবে?**

8.1 যখন আপনি আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির আবেদনের জন্য নির্ধারিত প্রশ্নপত্রের উত্তর-দান (IPO 2) সম্পাদন করবেন এবং জমা দিবেন এবং আইনের <u>ধারা 7</u> অনুযায়ী সেই সঙ্গে সংযুক্ত সকল বিষয়ে নির্দিষ্ট তথ্য প্রদান করবেন তখন আন্তর্জাতিক সুরক্ষা প্রদানকার্যালয় আপনার সাথে যোগাযোগ করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে আপনার সাক্ষাৎকারের আয়োজন করবে। <u>IPO তে বিপুল সংখ্যক আবেদন জমা হওয়ার কারণে আপনার সাক্ষাৎকার কয়েক মাস বিলম্বিত হতে পারে।</u>

8.2 আপনার সাক্ষাৎকার আয়োজনের জন্য প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে IPO তে যোগাযোগ করার প্রয়োজন **নেই।**

**9.** কবে **IPAT এ আমার পুনর্বিবেচনার আবেদনের শুনানি হবে?**

9.1 প্রবর্তনের তারিখের আগে যদি আপনার কোনো প্রলম্বিত আবেদন থেকে থাকে তাহলে IPO তে <u>ধারা 4</u> অনুযায়ী আপনার আবেদন স্থানান্তরিত করা হবে।

9.2 আপনার যদি IPAT এ অপেক্ষমাণ কোনো সহায়ক ত্রাণ ও সুরক্ষা আবেদন থেকে থাকে তাহলে সেটি IPAT কর্তৃক শুনানি হবে এবং শুনানির তারিখ IPAT কর্তৃক আপনাকে জানিয়ে দেওয়া হহবে৷

**10. তদতিরিক্ত তথ্য**

10.1 এই তথ্য কণিকার যেকোনো বিষয় সম্পর্কে কোনো কিছু জানার থাকলে তা আমাদের Customer Service Centre, International Protection Office, Irish Naturalisation and Immigration Service, 79-83 Lower Mount Street, Dublin 2 বরাবর লিখিতভাবে জানান বা info@ipo.gov.ie – এই ওয়েবসাইটটি দেখুন৷

10.2 আন্তর্জাতিক সুরক্ষা Act 2015 এবং এই সম্পর্কিত সহায়ক সংবিধিবদ্ধ তথ্য পুরোপুরিভাবে অবগত হতে **www.ipo.gov.ie** – এই ওয়েবসাইটটি দেখুন৷

10.3 এই তথ্য কণিকা উপরের ইমেইল ঠিকানায় বিভিন্ন ভাষাতেও পাওয়া যাবে৷

10.4 আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির আবেদন বা রাষ্ট্রে অবস্থানের অনুমতির জন্য আইনি সাহায্য প্রদানকারী বোর্ডের সহায়তা নিতে পারেন৷ বিকল্পভাবে, আপনার নিজের খরচে একজন ব্যক্তিগত আইনি প্রতিনিধি নিয়োগ করতে পারবেন৷

10.5 এছাড়াও আপনি আপনার আন্তর্জাতিক সুরক্ষা প্রাপ্তির আবেদনের বিষয়ে শরণার্থীদের জন্য ইউনাটেড নেশনের হাই কমিশনার-এর সাথে যোগাযোগ করতে পারেন৷

10.6 তথ্য কণিকায় উল্লিখিত বিভিন্ন সংস্থার যোগাযোগের ঠিকানা **Annex 1** এ দেওয়া আছে৷

**আন্তর্জাতিক সুরক্ষা কার্যালয়**
**আইরিশ ন্যাচারালাইসেশন এবং ইমিগ্রেশন পরিসেবা**
**জানুয়ারী, 2017**

## পরিশিষ্ট 1
## যোগাযোগের ঠিকানা

**International Protection Office**
Irish Naturalisation and Immigration Service,
79-83 Lower Mount Street,
Dublin 2. D02 ND99
টেলিফোন: 01 6028000
ফ্যাক্স: 01 602 8122
ওয়েবসাইট: www.ipo.gov.ie
ইমেল: info@ipo.gov.ie

**International Protection Appeals Tribunal**
6/7 Hanover Street,
Dublin 2. D02 W320
টেলিফোন: 01 474 8400
স্থানীয় নং: 1890 210 458
ফ্যাক্স: 01 474 8410
ওয়েবসাইট: www.protectionappeals.ie
ইমেল: info@protectionappeals.ie

**Legal Aid Board**
Legal Aid Board Law Centre - Smithfield,
48/49 North Brunswick Street,
Georges Lane,
Dublin 7. D07 PE0C
টেলিফোন: 01 646 9600.
ওয়েবসাইট: www.legalaidboard.ie
ইমেল: lawcentresmithfield@legalaidboard.ie

**International Organisation for Migration.**
116 Lower Baggot Street,
Dublin 2. D02 R252
বিনামূল্যের ফোন নং: 1800 406 406
টেলিফোন: +353 1 676 0655
ওয়েবসাইট: www.ireland.iom.int
ইমেল: iomdublin@iom.int

**United Nations High Commissioner for Refugees (UNHCR)**
102 Pembroke Road,
Ballsbridge,
Dublin 4. D04 E7N6
টেলিফোন: 01 6314510
ইমেল: iredu@unchr.org